



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
বিদেশি মুদ্রা বিভাগ
কেন্দ্রীয় অফিস
মুম্বই - ৪০০ ০০১

আরবিআই/২০১১-১২/৫৩৬

এ. পি. (ডিআইআর সিরিজ) সার্কুলার নং ১১৭

মে ০৭, ২০১২

প্রতি

সমস্ত প্রাধিকৃত ডিলার ব্যাঙ্কসমূহ এবং প্রাধিকৃত ব্যাঙ্কসমূহ

মহাশয়া/মহাশয়

অনাবাসী সাধারণ(এনআরও) একাউন্ট থেকে অনাবাসী বৈদেশিক(এনআরই) একাউন্টে অর্থ হস্তান্তর

ফেমা, ১৯৯৯-এর অধীনে ব্যক্তিবিশেষগণের সুযোগসুবিধাসমূহের পর্যালোচনা সমিতি (সভাপ্রধান: শ্রীমতী কে.জে.উদেশি) সুপারিশ করেছে যে এনআরআই/পিআইও-দের, প্রদেয় করপ্রদান সাপেক্ষে, প্রত্যেক আর্থিক বর্ষে ইউএস ডলার ১ মিলিয়নের উর্ধ্বসীমার অন্তর্গত প্রত্যাবাসনযোগ্য নিধি এনআরও একাউন্ট থেকে হস্তান্তরিত করে ভারতে এনআরই একাউন্টে ক্রেডিট করা যাবে। বর্তমানে এনআরও থেকে এনআরই একাউন্টে অর্থ হস্তান্তরিত করার অনুমতি নেই।

২. পর্যালোচনার ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে এখন থেকে মে ৩, ২০০০ তারিখাঙ্কিত বিজ্ঞপ্তি নং ফেমা.৫/২০০০-আরবি-তে উল্লেখিত এবং বৈদেশিক মুদ্রা পরিচালন (আমানত) প্রনিয়ম, ২০০০-এ সংজ্ঞায়িত অনাবাসী ভারতীয়(এনআরআই), যা সময়ে সময়ে সংশোধিত হয়েছে, তাঁর **করপ্রদান সাপেক্ষে**, যেমন প্রযোজ্য (যেমন অর্থ বিদেশে প্রেরণ করার ক্ষেত্রে প্রযোজ্য) ইউএস ডলার ১ মিলিয়ন প্রতি আর্থিক বর্ষের উর্ধ্বসীমার অন্তর্গত এনআরও একাউন্ট থেকে এনআরই একাউন্টে অর্থ হস্তান্তর করার অধিকারী। এনআরই একাউন্টে এই ধরনের ক্রেডিট মে ৩, ২০০০ তারিখাঙ্কিত বিজ্ঞপ্তি নং ফেমা.৫/২০০০-আরবি-র তফসিল-১এর অনুল্লেখ ৩(১) অনুযায়ী উপযুক্ত ক্রেডিট বলে বিবেচিত হবে।

৩. সমস্ত প্রাধিকৃত ডিলার ব্যাঙ্কসমূহ এবং প্রাধিকৃত ব্যাঙ্কসমূহ এই সার্কুলারের বিষয়বস্তু তাদের সংশ্লিষ্ট সহযোগী ও গ্রাহকদের নজরে আনবেন।

৪. এই সার্কুলারের অন্তর্গত নির্দেশসমূহ বিদেশি মুদ্রা পরিচালন আইন, ১৯৯৯(১৯৯৯-এর ৪২)-এর অনুভাগ ১০(৪) এবং ১১(১) অনুযায়ী জারি করা হয়েছে এবং যা অন্য কোনও আইনের অধীনে অনুমতি/অনুমোদন প্রয়োজনীয় হলে তাকে কোনওভাবে বিঘ্নিত করবে না।

আপনার বিশ্বস্ত

(রূপ নারায়ণ কর)

মুখ্য মহাপ্রবন্ধক